

(প্রেস বিজ্ঞপ্তি)

২৭ জুন'২০২৪খ্রিঃ

সংস্কৃতি চর্চার বিকাশে চসিক ও তবলা এন্ড ঢোল একাডেমি একযোগে কাজ করবে

চট্টগ্রামে সংস্কৃতি চর্চার সুযোগ বাড়াতে লন্ডনের তবলা এন্ড ঢোল একাডেমির সাথে কাজ করবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
বৃহস্পতিবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাথে তবলা এন্ড ঢোল একাডেমির পরিচালক ব্যরিস্টার পন্ডিত সুদর্শন দাশের সাথে সাক্ষাৎকালে এ সিদ্ধান্ত গৃহিত হয়।
পন্ডিত সুদর্শন দাশ দীর্ঘ সময় তবলা বাজিয়ে ২০১৬ গিনেজ ওয়ার্ল্ড রেকর্ড করেন। বিশ্বে সর্বোচ্চ ৫৫৭ ঘন্টা ১১ মিনিট একটানা তবলা বাজানোর রেকর্ড রয়েছে সুদর্শনের। গিনেজ ওয়ার্ল্ড রেকর্ডে ৫ বার নাম লেখান চট্টগ্রামের এ কৃতি সন্তান।
সাক্ষাৎকালে সুদর্শন বলেন, তবলা এন্ড ঢোল একাডেমী লন্ডন প্রধান অফিস কর্তৃক বাংলাদেশের রাজধানী ঢাকা সহ চারটি (অস্ট্রেলিয়া, কানাডা, আমেরিকা, ইন্ডিয়া) দেশে পরিচালিত হয়। দীর্ঘ আট বছরেরও অধিক সময় যাবত সংগীত, নৃত্য, তবলা, কীবোর্ড, বেহেলা, গিটার ও ঢোল প্রশিক্ষণের মাধ্যমে চট্টগ্রাম তথা বাংলাদেশের সাংস্কৃতিক কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে সংস্থাটি। আমি আমার জন্মস্থান চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় একটি শাখা পরিচালনা করতে ইচ্ছুক। অত্র শাখা থেকে চট্টগ্রামের শিক্ষার্থীরা সাংস্কৃতিক অঙ্গনে অগ্রণী ভূমিকা পালন করবে এবং এজন্য উচ্চতর ডিগ্রীর জন্য লন্ডন, অস্ট্রেলিয়া, কানাডা, আমেরিকা, ইন্ডিয়াসহ বিভিন্ন দেশে স্কলারশিপ নিয়ে লেখাপড়া করার সুযোগ রয়েছে।
জবাবে মেয়র বলেন, চট্টগ্রামে সাংস্কৃতিক কার্যক্রম বাড়াতে আমি আগ্রহী। কারণ আমি বিশ্বাস করি সাংস্কৃতিক কার্যক্রম মানবিক গুণাবলির বিকাশ ঘটায়। এজন্য তবলা এন্ড ঢোল একাডেমিকে কার্যক্রম পরিচালনার জন্য স্থান বরাদ্দ দেয়া হবে। চসিক এবং তবলা এন্ড ঢোল একাডেমি একসাথে চট্টগ্রামের সাংস্কৃতিক অঙ্গনের বিকাশে কাজ করবে।

এসময় আরো উপস্থিত ছিলেন মহানগর আওয়ামী লীগ নেতা হেলাল আকবর চৌধুরী বাবর, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা শরফুল ইসলাম মাহি, দুর্বাদল চৌধুরী, এ টি এম আইনুল ইসলাম চৌধুরী আবেদ প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮